

তারিখ: ০৮.০৮.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

জননিরাপত্তা নিশ্চিত নগরীকে আলোকিত করতে হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, “নগরীর গুরুত্বপূর্ণ সড়ক, অলিগলি, ফ্লাইওভার ও আবাসিক এলাকায় দূত আলোকায়নের ব্যবস্থা নিতে হবে—এটাই এখন সময়ের দাবি।” তিনি মনে করেন, সড়কে পর্যাপ্ত আলোর অভাবে যেমন চুরি ও ছিনতাইয়ের মতো অপরাধ বাড়ছে, তেমনি বাড়ছে দুর্ঘটনার ঝুঁকিও। তাই নগরবাসীর জান-মাল রক্ষায় নগরজুড়ে আধুনিক ও টেকসই আলোকসজ্জা নিশ্চিত করতে হবে। বৃহস্পতিবার সন্ধ্যায় চসিক বিদ্যুৎ উপ-বিভাগের কর্মকর্তাদের সঙ্গে এক সভায় তিনি এসব কথা বলেন। সভায় মেয়র বলেন, “যেখানে পর্যাপ্ত আলো নেই, সেখানে অবিলম্বে এলইডি স্ট্রিটলাইট স্থাপন করতে হবে। ফ্লাইওভার, পার্ক, গুরুত্বপূর্ণ মোড় ও বাসাবাড়ির আশপাশে আলোকসজ্জার ঘাটতি থাকতে পারবে না। সৌরবিদ্যুৎ ব্যবহার বাড়িয়ে বিদ্যুৎ সাশ্রয় এবং পরিবেশবান্ধব টেকসই ব্যবস্থা গ্রহণ করতে হবে।” তিনি আরও জানান, জিইসি থেকে দুই নম্বর গেট পর্যন্ত এলাকায় মাদকসেবীদের দ্বারা বিদ্যুতের তার, স্ট্রিটলাইট, মিড আইল্যান্ডের ব্যারিকেড ও অন্যান্য ধাতব সরঞ্জাম চুরি হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। মেয়র বলেন, “আমি ইতোমধ্যে এলাকাগুলো পরিদর্শন করেছি। চুরিরোধে পুলিশ প্রশাসনকে সতর্ক থাকতে বলেছি এবং নগরবাসীকেও সচেতন হতে আহ্বান জানাচ্ছি।” মেয়র বুলন্ত তার অপসারণের কথাও উল্লেখ করে বলেন, “নগরীর সব বুলন্ত তার মাটির নিচে নেওয়ার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। এতে নগরের সৌন্দর্য যেমন বাড়বে, তেমনি দুর্ঘটনাও কমবে।” সভায় চসিকের প্রধান প্রকৌশলী আনিসুর রহমান ও বিদ্যুৎ উপ-বিভাগের কর্মকর্তারা নগরীর আলোকায়ন সমস্যাবলী ও সম্ভাব্য সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা করেন।



শীতল ঝর্ণাখালের উপর ঝুঁকিপূর্ণ কালভার্ট সংস্কারের নির্দেশ মেয়রের

চট্টগ্রামের অক্সিজেন এলাকায় সেই শীতল ঝর্ণা খালের উপর আরো একটি কালভার্ট ঝুঁকিপূর্ণ হওয়ার খবর পেয়ে শুরুর সকালে তাৎক্ষণিক পরিদর্শন করে চসিকের প্রকৌশল বিভাগকে সংস্কারের নির্দেশ দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। পরিদর্শনকালে স্থানীয়রা জানান, শীতল ঝর্ণায় গত বৃহস্পতিবার যে ব্রিজ ভেঙেছে সেই শীতল ঝর্ণার উপরে আরো একটি ব্রিজে বড় আকারের ফাটল দেখা যাচ্ছে। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল সংলগ্ন সড়কের উপর আরেকটি ব্রিজের দুই পাশে ইতিমধ্যে দেবে গিয়েছে। এছাড়া সেই অংশটি দাবার সঙ্গে সঙ্গে দুই পাশের মাটি সরে গিয়েছে। এ প্রেক্ষাপটে মেয়র উক্ত স্থান পরিদর্শন করে চসিকের প্রধান প্রকৌশলীকে এ ব্যাপারে দ্রুততম সময়ের মধ্যে প্রকৌশলগত সমাধান এবং ট্রাফিক বিভাগের সাথে সমন্বয় করে যান চলাচল স্বাভাবিক রাখতে পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। এর আগে গত বৃহস্পতিবার শীতল ঝর্ণাখালের ওপর অবস্থিত পুরনো সেতুটি ধসে পড়ার ঘটনায় তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল পরিদর্শন করে সেতুটি পুনর্নির্মাণের ঘোষণা দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান প্রকৌশলী আনিসুর রহমানসহ প্রকৌশল বিভাগের কর্মকর্তাবৃন্দ, জিয়াউর রহমান জিয়া, জমির উদ্দিন নাহিদ, আপেল ও স্থানীয় নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮